

আলমডাঙ্গা উপজেলার ইউনিয়ন সমূহে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৬ তারিখ ১৪/১০/২০২৪ খ্রি. তারিখে জারীকৃত খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ এবং খাদ্যবান্ধব কর্মসূচি পরিচালনা ও ডিলার নিয়োগ সংক্রান্ত পরিপত্র নং ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ তারিখ ১৪ অক্টোবর ২০২৪ এর নির্দেশনা মোতাবেক আলমডাঙ্গা উপজেলার ১৫ টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিক্রির জন্য ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত শর্ত এবং উল্লেখিত কেন্দ্রের জন্য নিম্নস্বাক্ষরকারীর বরাবর নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের নাম	ডিলার সংখ্যা	ক্র: নং	ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের নাম	ডিলার সংখ্যা
১	ভাংবাড়ীয়া	ভাংবাড়ীয়া বাজার	১ জন	৯	ডাউকি	হাউসপুর বাজার	১ জন
২	হারদী	হারদী বাজার	১ জন	১০	জামজামী	জামজামী বাজার	১ জন
৩	কুমারী	কুমারী বাজার	১ জন	১১	নাগদাহ	খেজুরতলা বাজার	১ জন
৪	বাড়াদী	বাড়াদী/ আঠারোখাদা বাজার	১ জন	১২	খাসকররা	খাসকররা বাজার	১ জন
৫	পাংগী	আসমানখালী বাজার	১ জন	১৩	কালিদাসপুর	কালিদাসপুর সাদা ব্রীজ সংলগ্ন	১ জন
৬	খাদিমপুর	পাঁচকমলাপুর বাজার	১ জন	১৪	চিংলা	রুইতনপুর বাজার	১ জন
৭	জেহালা	মুন্সিগঞ্জ বাজার	১ জন	১৫	আইলহাস	ঘোলদাড়া বাজার	১ জন
৮	বেলগাছী	বেলগাছী বাজার	১ জন				

আবেদনকারীর যোগ্যতা:-

- ১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা এবং বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
- ২। আবেদনকারীর নির্দিষ্ট বিক্রয়কেন্দ্র নিজস্ব/ভাড়া দোকান থাকতে হবে।
- ৩। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৪। আবেদনকারীর দোকান/ সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে। আবেদনকারীর ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- ৬। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবে না।
- ৭। কোন সরকারি কর্মচারী কিংবা জন প্রতিনিধি ডিলার হতে পারবে না।
- ৮। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- ৯। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভুল তথ্য দিয়ে আবেদন করলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের মধ্যে হতে লটারির মাধ্যমে কেন্দ্র ভিত্তিক ০১ (এক) জন করে ডিলার নির্বাচন করা হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ০১। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
- ০২। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র।
- ০৩। ট্রেড লাইসেন্স এর ফটোকপি।
- ০৪। দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।
- ০৫। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- ০৬। নাগরিকত্ব সনদের ফটোকপি।
- ০৭। অঙ্গীকারনামা।
- ০৮। ফুড গ্রেইন লাইসেন্স এর ফটোকপি।

খামের উপরে আবেদনকারীর নাম ও ইউনিয়নের নাম উল্লেখ থাকতে হবে।

আগামী ২১.১১.২০২৪ খ্রি. তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র সরাসরি উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গার দপ্তর অথবা নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়া যাবে।

০৭/১১/২০২৪

(মোঃ আব্দুল হামিদ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও
সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব ডিলার নিয়োগ কমিটি,
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

ucf.cdg.alamdanga@dgfood.gov.bd

তারিখ: ০৭.১১.২০২৪ খ্রি.

স্মারক নং ১৩.০৫.১৮০৭.৮০৪.৫৭.০০২.২৪.৫২৭(২৭)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চুয়াডাঙ্গা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৪। উপজেলা কৃষি অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৫। উপজেলা সমাজসেবা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৭। উপজেলা পরিসংখ্যান অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৮। সভাপতি, আলমডাঙ্গা প্রেসক্লাব।
- ৯। সম্পাদক, দৈনিক মাথাডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ১০। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, (সকল)
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আলমডাঙ্গা এলএসডি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ১২। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসার এর দপ্তর।
- ১৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।